

# বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজের ৫৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

নিজস্ব বার্তা পরিবেশক

: সোমবার, ২০ নভেম্বর ২০২৩



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে র্যালি,কেক কাটাসহ নানা আয়োজনে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজের (শেবাচিম) ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন হয়েছে। এই উপলক্ষ্যে গতকাল সোমবার সকাল সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ ডাঃ মিল্টন হলে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা শেষে কেক কাটা ও বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়েছে। এই র্যালিতে বিশ্ববিদ্যালয়ে কর্মরত শেবাচিমের প্রাক্তন ছাত্ররা ও শেবাচিম প্রাক্তন ছাত্র সমিতির সদস্যরা অংশ গ্রহণ করেছেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন,ভার্সিটির ভিসি ও শেবাচিমের প্রাক্তন ছাত্র সমিতির সভাপতি ডাঃ শারফুদ্দিন আহমেদ।

মেডিকেল ভার্সিটির ভিসি বলেন,বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজের ছাত্রছাত্রীরা দেশের বিভিন্ন স্বনামধন্য চিকিৎসা প্রতিষ্ঠানে কৃতিত্ব ও সুনামের সঙ্গে কাজ করে যাচ্ছেন। প্রাক্তন ছাত্র সমিতির মাধ্যমে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। মেধা বৃত্তি প্রদান,বার্ষিক

বনভোজনের আয়োজন, স্বাস্থ্য বিষয়ক জনসচেতনতামূলক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। এই মেডিকেল কলেজকে আরও এগিয়ে নিতে সবাইকে কাজ করতে হবে।

অনুষ্ঠানে প্রাক্তন ছাত্রদের মধ্যে মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডাঃ পবিত্র কুমার দেবনাথ, প্রো-ভিসি (গবেষণা ও উন্নয়ন) ডাঃ মনিরুজ্জামান খানসহ অনেকেই উপস্থিত ছিলেন।